দৈনিক বাংলা

28.12.79

12

180

# খাল খনন শেষ হলে খাদ্য ঘাটতি থাকবে না ঃ মওদুদ

(নিজস্ব সংবাদদাতা)

মাইজদী কোর্ট, ২৭শে ডিসেম্বর।—আজ দুপুরে আড়াইটায় উপ-প্রধান মন্ত্রী জনাব মওদুদ আহমদ নোয়াখালী সদর মহকুমার বেগমগঞ্জ থানার রসুলপুর-রতনপুর খাল খননের কাজ উদ্বোধন করেন। এ এলাকার সকল স্তরের মানুষ স্বেচ্ছাশ্রমে প্রায় সাড়ে ৫ হাজার ফুট দীর্ঘ খাল খননের কাজ আজ থেকে শুরু করেছে। এ খালে প্রায় ৯ লাখ ঘনফুট মাটি কাটা হবে এবং এ এলাকায় সেচের বিশেষ সুবিধা হবে। খাল খননের কাজ উদ্বোধন কালে উপ-প্রধানমন্ত্রী বলেন, খাল খনন একটি অত্যন্ত বাস্তবমুখী ফলপ্রসূ কার্যক্রম। প্রেসিডেন্ট জিয়া এ বাস্তবধর্মী কাজের আহবান জানান এবং বর্তমানে সারা দেশে খাল খননের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে। এসব খাল খনন শেষ হলে দেশে খাদ্য ঘাটতি থাকবে না। উপরন্তু উদ্বৃত্ত খাদ্যশস্য বিদেশে রফতানী হবে।

উপ-প্রধানমন্ত্রী বলেন, খাল খনন বিপ্লবের প্রথম স্তর। পরবর্তী পর্যায়ে স্বল্প সময়ের মধ্যে প্রেসিডেন্ট জিয়ার নেতৃত্বে বাংলাদেশ জাতীয়তাবাদী দল নিরক্ষরতা দূরীকরণের বিপ্লব শুরু করবে। উপ-প্রধানমন্ত্রী আরো বলেন, জাতীয়তাবাদী দলের আগে এদেশে যাঁরা রাজনীতি করেছে, তারা ছিনতাই ও লুন্ঠনের রাজনীতি করেছে। আমরা রাজনীতি করছি সেবার।

এর আগে আজ দুপুরে নোয়াখালী জেলা স্কুল ময়দানে আন্তর্জাতিক শিশুবর্ষ ৭৯ উপলক্ষে নোয়াখালী জেলার শিশু সমাবেশের উদ্বোধন করেন উপ-প্রধানমন্ত্রী জনাব মওদুদ আহমেদ। এই বর্ণাঢ্য শিশু সমাবেশের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে উপ-প্রধানমন্ত্রী বলেন, বর্তমান সরকার শিশুদের বিশেষ যত্ন নেয়ার ব্যাপারে গুরুত্ব আরোপ করছে।